



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/3/2022

গভর্নর ক্যাথি হোকল

**মার্কিন যুক্তরাষ্ট্রে উপস্থিত থাকা ইউক্রেনিয়ান নাগরিকদের ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি যে অস্থায়ী সুরক্ষিত মর্যাদা প্রদান করবে সে ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি**

"সার্বভৌম ও গণতান্ত্রিক দেশ ইউক্রেনের উপর রাশিয়ার অন্যায় ও অপ্ররোচিত আক্রমণের ফলে মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে, নিরীহ বেসামরিক মানুষের বিরুদ্ধে অনর্থক সহিংসতা হচ্ছে এবং একটি নজিরবিহীন মানবাধিকার সঙ্কট দেখা গিয়েছে যার ফলে এক সপ্তাহে দশ লাখের বেশি শরণার্থীর সৃষ্টি হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের সর্ববৃহৎ ইউক্রেনিয়ান সম্প্রদায় বাস করে, এবং আমি মার্কিন যুক্তরাষ্ট্রে উপস্থিত থাকা ইউক্রেনিয়ান নাগরিকদের যুদ্ধক্ষেত্রে ফেরত যাওয়া থেকে রক্ষা করার জন্য বাইডেন প্রশাসন ও সচিব মায়োর্কাসের প্রশংসা করছি।

যেমনটি আমি আগেও বলেছি, আমাদের পোতাশ্রয়ে মাথা উঁচু করে দাঁড়ানো স্ট্যাচু অফ লিবার্টি (Statue of Liberty) নিয়ে নিউ ইয়র্ক সকল ইউক্রেনিয়ানদের জন্য নিরাপদ আশ্রয় প্রদান করতে স্বাগত জানানোর জন্য প্রস্তুত আছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418